

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
আমার বাড়ি আমার খামার প্রকল্প  
প্রশাসন ও সমন্বয় শাখা

নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৬.১৯.১২৭

তারিখ: ২৮ চৈত্র ১৪২৫

১১ এপ্রিল ২০১৯

অফিস আদেশ

জনাব মোঃ সাইফুল ইসলাম, নৈশপ্রহরী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, গাজীপুর সদর, গাজীপুর এর বিরুদ্ধে অফিসের দায়িত্ব পালনে অবহেলা করা, নিয়মিত অফিসে না আসা, অফিসের ফোন রিসিভ না করা, বিভিন্ন অজুহাতে অফিস ত্যাগ করা এবং উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করাসহ নানাবিধ বিষয়ে অভিযোগের প্রেক্ষিতে তাকে গত ১৭.১০.২০১৮ তারিখ প্রকল্প সদর কার্যালয় হতে এবাএখা/প্রশা/গাজীপুর/১৮১/২০১০- ৫১৩ সংখ্যক সরকারকে কৈফিয়ত তলব করা হয়। কিন্তু অদ্যাবধি তিনি কৈফিয়ত তলবের কোন জবাব দাখিল করেননি। এছাড়া তিনি গত নভেম্বর-২০১৮ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ বিষয়ে তাকে একাধিকবার মৌখিক ও লিখিতভাবে সতর্ক করা হলেও তার কোন পরিবর্তন হয়নি। তিনি মানসিক বিকারগ্রস্ত এবং মাদকাসক্ত মর্মে উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর, গাজীপুর লিখিতভাবে প্রকল্প সদর দপ্তরকে অবহিত করেছেন।

০২। নৈশপ্রহরী জনাব মোঃ সাইফুল ইসলামের এরূপ কার্যক্রম গুরুতর অসদাচারণ, ধৃষ্টতা এবং কর্তব্য-কর্মে চরম অবহেলার প্রমাণ। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে।

০৩। এমতাবস্থায়, জনাব মোঃ সাইফুল ইসলাম-কে অস্থায়ী চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ৬ নং শর্তানুযায়ী প্রকল্পের চাকুরি হতে চূড়ান্তভাবে অব্যাহতি প্রদান করা হলো। যা তার বিনানুমতিতে অনুপস্থিতির তারিখ (নভেম্বর-২০১৮) হতে কার্যকর হবে।

০৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।



১৫-৪-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: [headoffice@ebek-](mailto:headoffice@ebek-)

[rdcd.gov.bd](mailto:rdcd.gov.bd)

নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৬.১৯.১২৭/১

তারিখ: ২৮ চৈত্র ১৪২৫

১১ এপ্রিল ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা

হইল:

১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

- ২) জেলা প্রশাসক, গাজীপুর।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর, গাজীপুর।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, গাজীপুর।
- ৬) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর।
- ৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর।
- ৮) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, গাজীপুর সদর, গাজীপুর।
- ৯) জনাব মোঃ সাইফুল ইসলাম, নৈশপ্রহরী(চূড়ান্তভাবে অব্যাহতি প্রাপ্ত), আমার বাড়ি আমার খামার প্রকল্প, গাজীপুর সদর, গাজীপুর।



১৫-৪-২০১৯

আকবর হোসেন  
প্রকল্প পরিচালক